# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## বাংলা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ০ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান-৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

### ক অংশ — গদ্য

১.▶ মেধাবী ছাত্রী লাবণ্য এইচএসসি পরীক্ষার পর সিদ্ধান্ত নিল সাহিত্য সাধনাকেই সে জীবনের ব্রত হিসেবে গ্রহণ করবে। তাই বিশ্ববিদ্যালয়ে সে ভর্তি হলো বাংলা বিভাগে। কিন্তু তার এই সিদ্ধান্তকে মেনে নিতে পারল না তার পরিবার। কারণ তাদের স্বপ্ন ছিল, মেয়ে বড় হয়ে ডাক্তার হবে। কিন্তু তাদের স্বপ্ন হলো ভূলুণ্ঠিত। তাই রাগে-অভিমানে তারা তাদের একমাত্র মেয়ের সঙ্গে কথা বলা বন্ধ করে দিল।

ক. প্রমথ চৌধুরীর ছদ্মনাম কী? ১

খ. 'সুশিক্ষিত লোকমাত্রই স্বশিক্ষিত'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকটি তোমার পঠিত প্রবন্ধের কোন দিকটিকে নির্দেশ করছে? ৩

ঘ. 'দর্শন, বিজ্ঞান হচ্ছে মনগঙ্গার তোলা জল, তার পূর্ণ স্রোত সাহিত্যের ভেতরই সোল্লাসে সবেগে বয়ে চলেছে।'— মন্তব্যটির আলোকে লাবণ্যের সিদ্ধান্তের যৌক্তিকতা আলোচনা করো। ৪

২.▶ শিক্ষাই জাতির মেরুদণ্ড। আর শিক্ষকগণ জাতি গড়ার কারিগর। ডিসি, এসপি থেকে শুরু করে ডাক্তার, ইঞ্জিনিয়ার, এমনকি সচিব, মন্ত্রী ও রাষ্ট্রপতিসহ সবাই শিক্ষকদের হাতে গড়া। সারাদিন ক্লাস করা, প্রশ্ন করা, পরীক্ষার খাতা দেখা ইত্যাদি করতে করতে শিক্ষকদের নিজের সুখের দিকে তাকানোর সুযোগ হয় না। তারপরও কোনো শিক্ষক পরিবারের সচ্ছলতার কথা চিন্তা করে বাড়তি টিউশনি করলেই ছি! ছি! পড়ে যায়।

ক. কোন পদে চাকরির মাধ্যমে বনফুলের কর্মজীবন শুরু হয়? ১

খ. নিমগাছটার লোকটার সাথে চলে যেতে ইচ্ছে করে কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত কোন পেশা 'নিমগাছ' গল্পের কার সাথে তুলনীয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'নিমগাছ' গল্পের নিমগাছ উদ্দীপকের শিক্ষকগণের প্রতিনিধিত্ব করে'- তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৩.▶ চাকরির সুবাদে আজমল সাহেবকে আফ্রিকায় যেতে হয়েছিল। কোম্পানির মালিক তাঁকে ঘন অরণ্য এলাকায় একটি বাসা ও সাথে একজন ভৃত্য দিয়েছিলেন। নিগ্রো ভৃত্যটির বিশাল কালো দেহ, মাথায় ঝাঁকড়া চুল, বড় বড় নখ, বিশাল হাত-পা দেখে আজমল সাহেব ভড়কে গিয়েছিলেন। পরবর্তী সময় ভৃত্যটির নম্র আচরণে, রান্নার কাজসহ নানা কাজে তার অসাধারণ দক্ষতায় তিনি বিমোহিত হয়ে যান। একদিন আজমল সাহেব মন্তব্য করেন, "আফ্রিকায় ঘন অরণ্যপূর্ণ এলাকা বসবাস অনুপযোগী।" ভৃত্যটি দীর্ঘনিঃশ্বাস ছেড়ে বলে, 'এমন শান্তিপূর্ণ আরামপ্রদ এলাকা পৃথিবীর আর কোথাও নেই।'

https://teachingbd24.com

ক. ‘ওরভোয়া’ কী অর্থ নির্দেশ করে? ১
খ. ‘অতটা তার মাথায় খেলেনি, অথবা ভাববার প্রয়োজনবোধ করেনি’—উক্তিটির প্রাসঙ্গিকতা বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকের নিগ্রো ভৃত্যটি ‘প্রবাস বন্ধু’ গল্পের আবদুর রহমানের সঙ্গে কীভাবে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. “এমন শান্তিপূর্ণ, আরামপ্রদ, এলাকা, পৃথিবীর আর কোথাও নেই।— এ উক্তির প্রতিপাদ্য বিষয় ‘প্রবাস বন্ধু’ গল্পের আবদুর রহমানের মনোভাবের সমান্তরাল”—বিশ্লেষণ করো। ৪

৪.▶ “আমাদের এই ভাঙা ঠুটা শরীর নিয়ে তামাম মানুষ যদি এক জায়গাতে হাজির হতে পারতাম, একবার যদি জালেমের লোভের কব্জিতে দাঁত বসাতে পারতাম, রক্তের নেশাতে গজরাতে পারতাম, তখন বুঝা যেত কারা বিলাই আর কারা বাঘ। যুদ্ধই তো হয় না মালিক, মরণ বাঁচার লড়াই। আমার এই দেশের মানুষ একটা যুদ্ধ চাই মালিক, স্বাধীনতার যুদ্ধ।”
ক. গোয়েব্‌লস্ কে? ১
খ. রুমীর আদর্শের অপমান বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. ‘একাত্তরের দিনগুলি’ দিনপঞ্জির কোন বিষয়টি উদ্দীপকে প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. ‘শ্রেণি নির্বিশেষে দেশপ্রেমের অকুণ্ঠ প্রকাশের দিক থেকে উদ্দীপক ও ‘একাত্তরের দিনগুলি’ দিনপঞ্জি সমধর্মী’— বিশ্লেষণ করো। ৪

## খ অংশ — পদ্য

৫.▶ ‘তিতাস একটি নদীর নাম। তার কূলজোড়া জল, বুক ভরা ঢেউ, প্রাণ ভরা উচ্ছ্বাস। স্বপ্নের ছন্দে সে বহিয়া যায়। ভোরের তন্দ্রায়— তার তন্দ্রা ভাঙে, দিনের সূর্য তাকে তাতায়, রাতের চাঁদ ও তারারা তাকে নিয়া ঘুম পাড়াইতে বসে, কিন্তু পারে না।’[তথ্যসূত্র: ‘তিতাস একটি নদীর নাম— অদ্বৈত মল্লবর্মণ]
ক. ‘কপোতাক্ষ নদ’ কবিতাটির মিল বিন্যাস কেমন? ১
খ. ‘এ মিনতি গাবে, বঙ্গজ জনের কানে, সখে, সখা—রীতে নাম তার’ বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. ‘কপোতাক্ষ নদ’ কবিতার সঙ্গে উদ্দীপকের মিল ও অমিল দেখাও। ৩
ঘ. ‘নদীমাতৃক বাংলায় নদী মানুষের প্রাণের সখা।’—‘কপোতাক্ষ নদ’ কবিতা ও উদ্দীপকের আলোকে মন্তব্যটির সত্যাসত্য বিচার করো। ৪

৬.▶ খোকা মাকে শুধায় ডেকে, এলেম আমি কোথা থেকে
কোনখানে তুই কুড়িয়ে পেলি আমাকে
মা শুনে কয় হেসে কেঁদে, খোকারে তার বুকে বেঁধে
ইচ্ছে হয়ে ছিলি মনের মাঝারে
আমার চিরকালের আশায়, আমার সকল ভালোবাসায়
হারাই হারাই ভয়ে গো তাই, বুকে চেপে রাখতে যে চাই
কেঁদে মরি একটু সরে দাঁড়ালে।
ক. ঘরের চালে কে ডাকে? অ ১
খ. মোসলমানের আড়ঙ দেখিতে নাই— মায়ের একথা বলার কারণ কী? অ ২

https://teachingbd24.com

গ. উদ্দীপকের খোকার সাথে 'পল্লিজননী' কবিতার ছেলেটির পার্থক্য কোথায়? ব্যাখ্যা করো। অ ৩

ঘ. উদ্দীপক ও 'পল্লিজননী' কবিতা উভয় ক্ষেত্রেই মমতাময়ী মায়ের চিরন্তন রূপটির প্রকাশ ঘটেছে— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৭.▶ সিমন নানা বাড়ি ঢাকায় বেড়াতে গেল। শুক্রবার ছুটির দিন নানু ওকে শিশু পার্কে বেড়াতে নিয়ে গেল। ঘুরে ঘুরে ওকে শিশু পার্ক দেখাল। সিমন নানুকে প্রশ্ন করল, এখানে অনেক আগে থেকেই কি পার্ক ছিল? নানু হেসে জবাব দিল, না এখানে আগে পার্ক ছিল না, এখানে দাঁড়িয়েই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার সেই ঐতিহাসিক ভাষণ দিয়েছিলেন। সিমন বলল, আমরা জানব কীভাবে যে এখানে স্বাধীনতার ঘোষণা দেওয়া হয়েছিল? নানু বলল, এই ঐতিহাসিক স্থানটিতে পার্ক না করে স্বাধীনতার ঘোষণামঞ্চ বানালে ভবিষ্যৎ প্রজন্ম স্বাধীনতার ঘোষণার ইতিহাস জানতে পারবে। এই ঘোষণার স্থানটিতে বাঙালির গৌরব ও অহংকার নিহিত আছে।

ক. কবি নির্মলেন্দু গুণ কত সালে বাংলা একাডেমি পুরস্কার পান? ১

খ. কবি কেন বলেছেন, 'সেদিনের সব স্মৃতি মুছে দিতে হয়েছে উদ্যত কালো হাত'? ২

গ. উদ্দীপকে স্বাধীনতার ঘোষণার স্থানটির সংরক্ষণ বিষয়ে সিমনের নানুর সঙ্গে 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতার কবির মনোভাবের কী ধরনের সাদৃশ্য আছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'স্বাধীনতার ঘোষণার স্থানটিতে বাঙালির গৌরব ও অহংকার নিহিত' — 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতার আলোকে উদ্দীপকের উক্তিটি বিশ্লেষণ করো। ৪

## গ অংশ — উপন্যাস

৮.▶ 'সেদিনের সকালটা আর দশ দিনের সকালের মতোই শুরু অইছিল। কিন্তুক মুহূর্তে যেন কেয়ামত হইয়া গ্যালো। মিলিটারির গাড়ি আইয়া এক্কেবারে যমের নাগাল গেরামের মধ্যিখানে খাড়া অইল। তারপর শুরু অইল গুলি, আগুন, চিল্লাচিল্লি, দৌড়াদৌড়ি, কান্নাকাটি, হুলুস্থুল সবকিছু। 'ইধার আও, উধার যাও' এমনি সব গায়েকাঁটা দেওয়া হুকুম। গেরামের বাজারডা দাউ দাউ করি জ্বলছিল। আর তার পাশেই গেরামের বেবাক জোয়ান লোকগুলারে খানসেনারা গুলি কাইরা মারলো।' পুকুরপাড়ে দাঁড়িয়ে ছোট মামার (প্রতিবেদক) কাছে পূবাইলের রাহেলা বেগম কথাগুলো এক নিশ্বাসে বলে গেলেন।

ক. মধু কীভাবে মারা গেছে? ১

খ. 'আধা-পোড়া বাজারটার দিকে তাকিয়ে ওর চোখ লাল হতে থাকে।' কেন? ২

গ. উদ্দীপকটিতে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? চিহ্নিত করো। ৩

ঘ. 'কিন্তু মুহূর্তে যেন কেয়ামত শুরু হইয়া গ্যালো।' উদ্দীপক ও 'কাকতাড়ুয়া' উপন্যাস উভয় ক্ষেত্রেই এ কথাটি প্রতিয়মান হয়েছে। মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

৯.▶ মিয়ানমার সরকারের জাতিগত নিধনে রাষ্ট্রীয় সন্ত্রাসের শিকার হয়ে হাজার হাজার রোহিঙ্গা নারী-পুরুষ কক্সবাজারের উখিয়া-টেকনাফ সীমান্ত দিয়ে বাংলাদেশে প্রবেশ করছে। বর্মী সেনা ও তাদের দোসররা মিলে তাদের শত শত ঘরবাড়ি আগুনে পুড়িয়ে দিয়েছে; চোখের সামনে অত্যন্ত পৈশাচিক কায়দায় বাবা-মা, ভাই-বোন ও সন্তানকে হত্যা করছে। তাই সম্পূর্ণ নিঃস্ব হয়ে শুধুমাত্র বাঁচার তাগিদে দুর্গম পাহাড়ি পথ পায়ে হেঁটে অতিকষ্টে তারা বাংলাদেশে এসে আশ্রয় নিয়েছে। হিংসা-দ্বেষ, স্বার্থ-লোভ মানুষকে যে কত নিচে নামিয়ে দিতে পারে এ ঘটনা তারই এক জ্বলন্ত দৃষ্টান্ত।'

ক. গাঁয়ের লোকেরা বুধাকে কী নাম দিয়েছিল? ১

খ. 'আপনিতো শান্তি কমিটির চেয়ারম্যান। কিন্তু সারাদেশে যে অশান্তি।'— কথাটি বুঝিয়ে বলো। ২

গ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ— ব্যাখ্যা করো। ৩

ঘ. 'হিংসা-দ্বেষ, স্বার্থ-লোভ মানুষকে যে কত নিচে নামিয়ে দিতে পারে এ ঘটনা তারই এক জ্বলন্ত দৃষ্টান্ত'— উদ্দীপক ও 'কাকতাড়ুয়া' উপন্যাস অবলম্বনে বিশ্লেষণ করো। ৪

## ঘ অংশ — নাটক

১০.▶ রেবেকা বেগম, ভাই মজিদ মিয়ার রাইসমিল রক্ষা করার জন্য টাকা দিতে চাইলেন। কিন্তু শর্ত হলো যে, মজিদ মিয়ার মেয়ে নূরজাহানকে রেবেকা বেগমের ছেলে রবিনের সাথে বিয়ে দিতে হবে। রবিন মাদকাসক্ত। নূরজাহান এ বিয়েতে রাজি নয় বলে জানিয়ে দিলে, মজিদ মিয়া রেবেকা বেগমের টাকা নিতে অস্বীকৃতি জানালেন। রেবেকা বেগম এবার বললেন, বিয়ের শর্ত নয়। বোন হিসেবে তিনি টাকা দিতে চান।

ক. বহিপীরের সহকারী কে ছিলেন? ১

খ. হাতেম আলি চিকিৎসার অজুহাতে শহরে গিয়েছিলেন কেন? ২

গ. উদ্দীপকের মজিদের মাঝে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের মিল রয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. 'বহিপীরের মতোই উদ্দীপকের রেবেকা বেগমেরও বোধোদয় ঘটেছে'— উক্তিটির যৌক্তিকতা বিচার করো। ৪

১১.▶ একজন আগন্তুক গ্রামে এসে ঝোপঝাড়ে পরিপূর্ণ একটি জায়গাকে মোদাচ্ছের পীরের কবর বলে চিহ্নিত করল। কয়েকদিনের মধ্যে জায়গাটিতে মাজার তৈরি হলো। এলাকার মানুষ নানা উপকরণ দান করতে থাকলে পীরের সম্পত্তি ও ক্ষমতা বেড়ে যায়। আগন্তুক তথা পীর গ্রামের মানুষদের নানা কুসংস্কারে আচ্ছন্ন করে রাখে। এলাকার মতি মাস্টার এ খবর পেয়ে পীরের ভণ্ডামির বিপক্ষে জনমত তৈরি করে পীরের আস্তানা ভেঙে দেন।

ক. মঞ্চনাটক মঞ্চসজ্জা, আলোক সম্পাত, শব্দ যোজনা ইত্যাদি কাজ মূলত কে করেন? ১

খ. একপর্যায়ে তাহেরা পীরের সঙ্গে যেতে চেয়েছিল কেন? ২

গ. উদ্দীপকের পীরের সাথে 'বহিপীর' নাটকের পীরের মিল কীসে? বর্ণনা করো। ৩

ঘ. মতি মাস্টারের মতো সচেতন চরিত্র 'বহিপীর' নাটকে একটিও নেই। যৌক্তিক বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট   পূর্ণমান — ৩০   বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা   বিষয় কোড: ১ ০ ১

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. মনের দাবি রক্ষা না করলে মানুষের আত্মা বাঁচে না— এ কথার ভাবার্থ নিহিত রয়েছে কোন বাক্যটিতে?
ক শিক্ষার্জনের মাধ্যমেই জীবসত্তাকে টিকিয়ে রাখা
খ শিক্ষা লাভ করার অর্থই হলো মনুষ্যত্ব জাগ্রত করা
গ শিক্ষা লাভের মাধ্যমেই জীবনকে সাজানো
ঘ শিক্ষার্জন মানেই বুদ্ধিমান মানুষ তৈরি হওয়া

২. অভাগীর কার সঙ্গে বিয়ে হয়েছিল?
ক রসিকের   খ অধরের
গ মুখুয্যের   ঘ ভট্টাচার্যের

৩. আধুনিক শিক্ষার কর্মনাশা স্রোতে কী তলিয়ে যাচ্ছে?
ক প্রাচীন প্রবাদবাক্য   খ প্রাচীন কাব্যসাহিত্য
গ প্রাচীন উপকথাগুলো   ঘ ধর্মীয় কাব্যসাহিত্য

৪. 'নিমগাছ' গল্পে কবি বলতে কী বোঝানো হয়েছে?
ক যিনি কবিতা লেখেন
খ সৌন্দর্যের পূজারি
গ গাছটির উপকারী বন্ধু
ঘ মুক্তির দূত

৫. পানশিরের আবহাওয়ায় একবার দম নিলে কত দিন আয়ু বাড়বে?
ক একদিন   খ একশ' দিন
গ তিনশ' পয়ষট্টি দিন   ঘ দশ দিন

৬. মমতাদি কোন মোড়ে কমলালেবু কিনছিল?
ক জীবনময়ের গলির মোড়ে
খ জীবনানন্দের গলির মোড়ে
গ সুখময়ের গলির মোড়ে
ঘ নিত্যানন্দের গলির মোড়ে

৭. 'পয়লা বৈশাখ' প্রবন্ধে কোন ইংরেজি সাহিত্যিকের নাম রয়েছে?
ক শেক্সপিয়র   খ হোমার
গ ইলিয়ড   ঘ টেনিসন

৮. লেখিকার বেড-সাইড টেবিলের কালিদানিতে কী ছিল?
ক বনি প্রিন্স-এর আধফোটা কলি
খ প্রিন্স এর ফুটন্ত কলি
গ সিমোন এর না ফোটা কলি
ঘ সাদা পাস্‌কালি

৯. 'হিন্দুর অক্ষর'কে কারা হিংসা করে?
ক যারা মারফত জানে না
খ জমিদাররা
গ মওলানা সাহেবরা
ঘ শিক্ষিত লোকেরা

১০. সমীর চক্রবর্তী যশোর জেলায় সাগরদাঁড়ি গ্রামের পাশ দিয়ে বয়ে চলা একটি নদী দেখতে গিয়েছিলেন। সমীর চক্রবর্তী তোমার পাঠ্য বইয়ে উল্লিখিত কোন নদী দেখতে গিয়েছিলেন?
ক পদ্মা   খ মেঘনা
গ যমুনা   ঘ কপোতাক্ষ

১১. কোথায় কিস্তি চলে না?
ক সাগরের জলে   খ নদীর জলে
গ বিলের জলে   ঘ ঝর্ণার জলে

১২. গিরির কীরূপ ললাট ঘেমে ঝর্ণার উদ্ভব হয়েছে?
ক তপ্ত   খ হিম
গ সিক্ত   ঘ শুষ্ক

১৩. কবি যে মানুষের মাঝে হারিয়ে যেতে চান, তারা কী নিয়ে তুষ্ট থাকে?
ক খাবারদাবার   খ টাকা-পয়সা
গ তুচ্ছ জিনিস   ঘ ভালোবাসা

১৪. রানারের পথ চলা দেখে কারা অবাক হয়?
ক জোনাকিরা   খ রাতের পাখিরা
গ রাতের তারারা   গ গাঁয়ের লোকেরা

১৫. কার চুল বাতাসে নড়ছে?
ক রুস্তম আলীর   খ অবুঝ শিশুর
গ থুত্থুড়ে বুড়োর   ঘ হরিদাসীর

১৬. 'আমার পরিচয়' কবিতার কবি চলার চিহ্ন ফেলে কোথায় চলেন?
ক পলিমাটিতে   খ নদীতীরে
গ ধানখেতে   ঘ আঙিনায়

৩১.১৭. রমনা রেসকোর্সে সমবেত লক্ষ লক্ষ মানুষের সমাবেশকে কবি কী রূপে কল্পনা করেছেন?
ক বর্ষায় সাগরের উত্তাল ঢেউরূপে
খ জনসমুদ্রের উত্তাল ঢেউরূপে
গ জনসমুদ্রের ঢেউরূপে
ঘ লাল সূর্য আঁকা পতাকা রূপে

১৮. কাঁদতে বারণ করে বুধা কাকিকে যা বলেছিল—
i. তুমি নিরাপদে পালিয়ে যাও
ii. তুমি তো লড়াই করতে পারবে না
iii. শুধু শুধু ওদের হাতে মরবে কেন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

Teachingbd24.com

১৯. বুধার কান্না দেখে কে অবাক হয়?
ক) ফুলকলি খ) চাচি
গ) কুন্তি ঘ) নোলক বুয়া

২০. বুধা প্রথমে কার বাড়িতে আগুন দিয়েছিল?
ক) আহাদ মুন্সির খ) কুদ্দুসের
গ) কমান্ডারের ঘ) হরিকাকুর

২১. কে বজরায় তাহেরার থাকার ব্যাপারটি পীর সাহেবকে নিশ্চিত করে?
ক) হাশেম খ) হাতেম
গ) চাকর ঘ) খোদেজা

২২. মৌ বাইরে থেকে এসে মা-বাবার সামনে দিয়ে যেতে ভয় পায়। 'আম-আঁটির ভেঁপু' গল্পের দুর্গার ক্ষেত্রে একই ঘটনা ঘটে। তাদের উভয়ের চরিত্রে রয়েছে—
i অপরাধবোধ
ii কাপুরুষতা
iii সাহসের অভাব
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩. কেউটে সাপটি বেরিয়ে এসেছিল—
i. মন্দির থেকে
ii. মাটি ছুঁয়ে
iii. আমবাগান থেকে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. 'সেইদিন এই মাঠ' কবিতায় কবির ভাবনায় ধরা পড়েছে—
i. সভ্যতার চিরন্তনতা
ii. জীবনের ক্ষণস্থায়িত্ব
iii. প্রকৃতির চির সৌন্দর্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:
মানুষরে দেখরে ভাই দিব্যজ্ঞানে
পাবিরে অমূল্য নিধি এ বর্তমানে।

২৫. উদ্দীপকের সমর্থন আছে কোন বাক্যে?
ক) সেও আমাদের মতো মানুষ, একই আল্লাহর সৃষ্টি
খ) মানুষকে মানুষ হইয়া ঘৃণা করিবার তোমার কি অধিকার আছে
গ) তাহার আত্মা, তোমার আত্মা একই মহা-আত্মার অংশ
ঘ) আমরা সবাই মানুষ

২৬. সমর্থনটি কোন দৃষ্টিকোণ থেকে বিবেচনার যোগ্য?
ক) সৃষ্টিতে স্রষ্টা বিরাজ করে
খ) সাম্যই শক্তি, সাম্যই ধর্ম
গ) সবার সেরা মানুষ সত্য
ঘ) মানুষই শক্তি, মানুষই সমৃদ্ধি

নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নম্বর প্রশ্নের উত্তর দাও।
'চোখের জলে বুক ভাসিয়ে উর্ধ্বে তুলে হাত,
ছেলের জন্য দুখিনী মা করেন মোনাজাত।'

২৭. উদ্দীপকে পল্লিজননীর কী প্রকাশ পেয়েছে?
ক) অনুযোগ খ) অসহায়ত্ব
গ) বিনয় ঘ) আকুতি

২৮. যে চরণগুলোতে উল্লিখিত ভাবের অভিব্যক্তি আছে—
i. মা কয়, বাছারে! চুপটি করিয়া ঘুমোত একটি বার
ii. ভালো করে দাও আলা রসুল ভালো করে দাও পীর,
iii. ছেলেরে তাহার ভালো করে দাও কাঁদে জননীর প্রাণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নম্বর প্রশ্নের উত্তর দাও।
আল্লাহভীরু পীরের ভক্ত পিতার তত্ত্বাবধানে বেড়ে ওঠা মা'হারা মেয়ে শীলা। প্রতিবাদ কী জিনিস সে জানে না। তার হবু বর বৃদ্ধ জেনেও সে সব মেনে নেয়।

২৯. উদ্দীপকের শীলার মধ্যদিয়ে 'বহিপীর' নাটকের কার কথা বোঝা যায়?
ক) হকিকুল্লাহ খ) হাশেম আলি
গ) খোদেজা ঘ) তাহেরা

৩০. উদ্দীপকের শীলার সঙ্গে 'বহিপীর' নাটকের তাহেরার মিল পাওয়া যায়—
i. তাহেরা মাতৃহীনা
ii. এক বৃদ্ধের সাথে বিবাহে
iii. তাহেরা সাহসী ও প্রতিবাদী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | খ | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | ক | ৯ | ক | ১০ | খ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ক |

https://teachingbd24.com